THE BANGLADESH OBSERVER

তারিখ ... MAY 3 1999 ...
পৃষ্ঠা: 20 কলাম 4

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং শাঃ ১৩/১-৪ (প্রফেসনাল)/৯৯/৫৫৬-শিক্ষা

তারিখ ঃ ১৯/০৪/৯৯

## বিজ্ঞপ্তি

### বিষয় ঃ জাপান সরকার প্রদত্ত মনবুশো (প্রফেসনাল প্রশিক্ষণ কোর্সে) বৃত্তি ১৯৯৯-২০০০ প্রসংগে।

১৯৯৯-২০০০ শিক্ষা বর্ষে জাপান সরকারের প্রদত্ত নিম্নলিখিত বিষয়গুলো থেকে মনবুশো প্রফেসনাল প্রশিক্ষণ কোর্সে মেধার ভিত্তিতে ৫ জনের বৃত্তি প্রদানের নিমিত্তে বাংলাদেশী ছাত্র/ছাত্রীদের নিকট থেকে জাপানে প্রশিক্ষনের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| ক্রঃ নং | প্রশিক্ষণের বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| 1) | Civil Engineering | ক) বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথকভাবে গড়ে সর্বনিম্ন ৮০% নম্বর থাকতে হবে। |
| 2) | Electrical Engineering | |
| 3) | Architecture | |
| 4) | Electronics | খ) মানবিক বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে সর্বনিম্ন ৭৫% নম্বর থাকতে হবে। |
| 5) | Telecommunication | |
| 6) | Photoghraphy | |
| 7) | Nutrition | |
| 8) | Tourism | গ) ১-৫ নং ক্রমিকের বিষয়ের জন্য কেবল বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীগণ আবেদন করতে পারবেন। |
| 9) | Fashion, Dress Making. | |
| 10) | Hotel Management | |
| 11) | Design | |
| 12) | Infant Education | |
| 13) | Secretarial Service (Females Only) | |

২। ১-৫-২০০০ তারিখে প্রার্থীর বয়স নূন্যতম ১৮ বৎসর সর্বোচ্চ ২২ বৎসরের মধ্যে হতে হবে। (যাদের জন্ম তারিখ ২/৫/১৯৭৮ তারিখের মধ্যে)

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে অন্য কোন বৃত্তির জন্য নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৪। কোর্সের মেয়াদ ৩ বৎসর। মনোনয়ন প্রার্থীদের মেধার ভিত্তিতে হবে তবে কোন বিষয়েই একাধিক প্রার্থী নির্বাচন করা হবে না।

৫। একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে সাধারণ অন্য কোন বৃত্তির জন্য প্রার্থী হিসেবে বিবেচনা করা হয় না। তাই এ বৃত্তি সুযোগ ভোগে প্রকৃতপক্ষে আগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।

৬। আবেদনকারীকে জাপানী ভাষা সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

৭। জাপানী দূতাবাস কর্তৃক আয়োজিত অংক, ইংরেজী বিষয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এজন্য সার্বক্ষণিক মন্ত্রণালয়ের সংগে যোগাযোগ রাখতে হবে।

৮। ইচ্ছাকৃত মিথ্যা বিবরণ / তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। সাদা কাগজে নিম্নলিখিত ছক অনুসারে ইংরেজীতে দুই কপি আবেদনপত্র দাখিল করতে হবে। এক কপি দরখাস্তের সাথে প্রার্থীর উভয় পরীক্ষায় পাশের সার্টিফিকেট, মার্কশীট এবং পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করে দিতে হবে। দরখাস্তের অপর কপিতে শুধু একটি অনুরূপ সত্যায়িত ছবিসহ মূল দরখাস্তের সাথে জেমস ক্লিপ দ্বারা এমনভাবে সংযুক্ত করে দিতে হবে যাতে দুটি দরখাস্ত সহজেই পৃথক করা যায়। অন্য কোনরূপ আবেদন করার প্রয়োজন নেই।

১০। আবেদন পত্রের ছক নিম্নরূপ হবেঃ-

### জাপান সরকারের মনবুশো (প্রফেসনাল কোর্স) বৃত্তি ২০০০ এর জন্য আবেদন

(ক) প্রার্থীর নাম ঃ
(খ) পিতার নাম ঃ
(গ) বর্তমান ঠিকানা ঃ
(ঘ) স্থায়ী ঠিকানা ঃ
(ঙ) জন্ম তারিখ ঃ
(চ) বয়স ঃ
(ছ) জাতীয়তা ঃ
(জ) বর্তমান ঠিকানা [টেলিফোন নম্বর (যদি থাকে)] ঃ
(ঝ) এস এস সি ও এইচ এস সি পরীক্ষার ফলাফল ঃ

| পরীক্ষার নাম | বোর্ড | বৎসর | রোল নম্বর | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| এস এস সি | | | | | |
| এইচ এস সি | | | | | |
| এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল ও শতকরা হার | | | | | |

**শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোন বৃত্তি নির্বাচিত হয়ে থাকলে উহার বিস্তারিত বিবরণ ঃ-**

আবেদনকারীর স্বাক্ষর

১২। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় অথবা বাংলাদেশ সচিবালয়ের ৫নং গেটে রক্ষিত ২ নং কাঠের বাক্সে আগামী ৫/৫/৯৯ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। দরখাস্তের খামের উপরে **"মনবুশো প্রফেসনাল কোর্সে প্রশিক্ষণ বৃত্তি"** এবং এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৩। মনোনয়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ১৬/৫/৯৯ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে-এ টাংগিয়ে দেয়া হবে। প্রার্থীদের কোন চিঠি দেয়া হবে না। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রার্থীদের ঢাকাস্থ জাপান দূতাবাস কর্তৃক আয়োজিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এ জন্য মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।

১৪। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মনজুরুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৮৬৫০৩২

ডিএফপি-৮৫০৪-২১/৪/৯৯

জিসি-২১৫৮